
# Workshop on BRATACHARI



Estd.- 2003

**Organised by :**

Bhagabati Devi Primary Teachers' Training Institute

Khakurda | Paschim Medinipur

# ব্রতচারী কর্মশালা

ডঃ সিদ্ধার্থ শঙ্কর মিশ্র
অধ্যক্ষ, ভগবতী দেবী প্রাথমিক শিক্ষক শিক্ষণ সংস্থা

Bhagabati Devi Primary Teachers' Training Institute • Paschim Medinipur • Library (D.EL.Ed. & B.Ed)

ব্রতচারীর সাধারণ অর্থ পুরুষ, নারী, বালক বা বালিকা কোন সংকল্প মনে গ্রহণ করে তাকে একাগ্র চিত্তে পালন করাই নিজের কর্তব্য মনে করেন এবং সেই ভাবে আচরণ করেন। কিন্তু আমরা ব্রতচারী কথাটাকে একটা বিশেষ অর্থে ব্যবহার করে থাকি তা জীবনের যে কোন একটা বিশেষ অভিষ্ট সিদ্ধির ব্রত নয়। মানুষের জীবনকে সব দিক থেকে সকল প্রকারে সফল, সার্থক ও পূর্ণতাময় করে তোলবার অভীষ্ট নিয়ে যাঁরা ব্রত ধারণ করেন তারাই ব্রতচারী।

সুতরাং এই অর্থে সকল দেশের পুরুষ, নারী, বালক, বালিকাই ব্রতচারীর আদর্শ গ্রহণ করতে পারেন এবং শুধু তাই নয় প্রত্যেকেরই গ্রহন করা উচিত। এই আদর্শ পালনের দুটি দিক আছে। একটা ব্যক্তির নিজের দিক দিয়ে নিজের জীবনকে অর্থাৎ নিজের চরিত্রকে, চিন্তাকে, কর্মকে ও দেহকে পূর্ণ করে তোলাবার দিক থেকে। আর একটা হচ্ছে সমগ্র মানুষের দিক থেকে - নিজের চিন্তা, কর্ম ও আচরণের দ্বারা অপর মানুষের ও সমগ্র মানুষের জীবনকে সফল, সার্থক ও পূর্ণতাময় করে তোলবার যে কর্তব্য তা পালন করার চেষ্টার দিক থেকে। অর্থাৎ ব্রতচারীর আদর্শের দুটো মুখ থাকবে -একটা হচ্ছে ব্যক্তি-মুখ আর একটা সমাজ অথবা সমষ্টি মুখ।

ব্যক্তিক ও সামাজিক উন্নতি ও সাফল্য সমগ্র বিশ্বমানবের সাধারণ আদর্শে সম্মিলিত হতে হবে। আজকের অবক্ষয়িত সমাজে ঐক্য, সম্প্রিতি ও স্বার্থত্যাগ নেই বললে চলে। এরকম ভাবে চলতে থাকলে একদিন নিজেকে ও অপ্রয়োজনীয় বলে মনে হবে। অথচ মানবসম্পদ উন্নতির ও সংরক্ষণের এত আয়োজন চলছে চারদিকে। তাই প্রথমে দরকার আত্মজাগরণ, শিক্ষক সমাজের মেরুদন্ড, এই কথা মুখস্থ না করে আত্মস্থ করে নতুন সমাজ গড়ার আদর্শে উদবুদ্ধ করে তোলার জন্য আমাদের সংস্থার এই মহতী আয়োজন।

ভাবী শিক্ষক অদম্য উদ্যোগে শিক্ষকতার মহান ব্রত পালনে প্রবেশের সঙ্গে সঙ্গে ব্রতচারীর জ্ঞান থাকা জরুরী। ব্রতচারীর জীবনের আদর্শ একদিকে যেমন জ্ঞান ও সত্যের গভীর ভিত্তির উপর প্রতিষ্ঠিত এবং চরিত্রের দৃঢ়তার ও কর্মের, শ্রমের এবং সেবার কঠোর সাধনার দ্বারা নিয়ন্ত্রিত ও অনুপ্রানিত। তেমনি আবার আনন্দের অনাবিল ধারা জীবনে প্রতিনিয়ত প্রবাহিত করার জন্য তাতে নির্মল ক্রীড়া কৌতুকের একটা বিশিষ্ট স্থান আছে, এবং বাল্য, যৌবন, প্রৌঢ়ত্ব ও বার্দ্ধক্য নির্বিশেষে সকল বয়সেই এই ক্রীড়া কৌতুকের সহজ আনন্দকর ও অফুরন্ত লহরী ব্রতচারীর জীবনকে নিয়ত তরঙ্গায়িত করে তার প্রাণকে চির-সজীব ও চির - নবীন করে রাখে। ব্রতচারী পৃথক বিষয় হিসাবে নয়, প্রতিদিনের শ্রেণী গঠনে ভাবি শিক্ষক, বাংলা, অংক, ইংরেজি বা পরিবেশ বিদ্যার সহায়তা দানে ব্রতচারীকে সমন্বয়িত করা যায় তার চেষ্টা করবেন।


সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য সমাপ্ত করলাম।



Asit Das delivers his lecture and other honourable persons on the stage.



The students during the 'Surya Pranam session'.



Students during a practice session of Bratachari.



Students during the practice of 'Khodatala song'.



Subhra Das Pattanayek during the practice session leads the students.



AmitavaGiri, Trainer of Bratachari, Sings a song.

# ব্রতচারী

মোহিত মিশ্র
অধ্যাপক , ভগবতী দেবী প্রাথমিক শিক্ষক শিক্ষণ সংস্থা

ব্রতচারী পরিচেষ্টার এবং বাংলার ব্রতচারী সমিতির প্রতিষ্ঠাতা স্বর্গীয় গুরুসদয় দত্ত তিনি অবিভক্ত বাংলায় বহুজেলায় বিচার বিভাগের কাজে নিযুক্ত থেকে দেশের যুবসমাজকে উজ্জীবিত করার লক্ষ্যে অর্থাৎ পরাধীন ভারত বাসীকে এক ঘরে না থেকে তারা যাতে উজ্জীবিত হয় তার জন্য বিভিন্ন ব্রতচারীর প্রথা উদ্ভাবন করেন।

তাই বলি ব্রত কি ?

কোন অভিষ্ট সিদ্ধির জন্য মনে দৃ ঢ় পবিত্র সংকল্প গ্রহণ করে একাগ্রচিত্তে সেই সংকল্পকে কার্যে পরিনত করে তুলবার কায়মনোবাক্যে চেষ্টার নামই ব্রত।

আর যে পুরুষ, নারী, বালক বা বালিকা এরকম কোন সংকল্প মনে গ্রহণ করে তাকে একাগ্র চিত্তে পালন করাই নিজের কর্তব্য মনে করেন এবং সেই ভাবে আচরণ করেন, তাঁকে আমরা ব্রতচারী বলি।

গুরুজী এই ব্রতচারীর যে প্রথা অর্থাৎ নৃতালি, গীতালি, ফৌজালী ইত্যাদির বর্ণনা দিয়েছেন, তাতে ছাত্র ছাত্রীদের নৃত্য, গীত, কুচকাওয়াজ এবং তার মধ্যে দিয়ে শৃঙ্খলাবোধ মান্যকরার প্রবনতা এবং সহমর্মিতা বোধ জাগ্রত হয়। এছাড়াও সময়ানুবর্তীতা, জ্ঞানের প্রসার বাড়ে এবং হিংসা, বিবাদ, কলহ এবং প্রাক্ষোভিক কার্যকলাপ দূরীভুত হয়।

সবশেষে বলি পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত মাধ্যমিক, একাদশ, দ্বাদশ, B.A., B.SC., D. EL. ED., B. P. ED পাঠক্রমে ব্রতচারী বিষয় অন্তর্ভুক্ত করণ একটি গুরুত্বপূর্ণ কার্যকলাপে পরিগণিত হয়েছে। এবং ভগবতী দেবী প্রাথমিক শিক্ষক শিক্ষণ সংস্থা, খাকুড়দা। এই সংস্থা ২২.১২.১৪ থেকে ২৯.১২.১৪ পর্যন্ত ব্রতচারী প্রশিক্ষণ শিবির করায় আমাদের ছাত্র ছাত্রীদের মধ্যে শৃঙ্খলাবোধ, নেতৃত্বদান, সময়নুবর্তীতা, ছন্দজ্ঞান জাগরিত হওয়ার সঙ্গে সঙ্গে প্রাক্ষভিক কার্যকলাপ দুরীভুত হয়েছে এবং তাদের মধ্যে ভ্রাতৃত্বের বন্ধন সূচিত হয়েছে। এছাড়াও পাঠক্রমে যে বিষয় গুলি তারা করায়ত্ব করেছে তা বহিঃমূল্যায়ক এর কাছে অভিপ্রদর্শন করতে পারবে। আট দিনের এই ব্রতচারী প্রশিক্ষণ শিবিরে ছাত্র ছাত্রীরা সতঃস্ফুর্ত ভাবে অংশ গ্রহণ করে যে আনন্দ এবং ক্রিয়াত্মক বিষয় গুলি করায়ত্ব করতে পেরেছে তার জন্য ব্রতচরী সংস্থার কাছে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ থাকলাম।



President, Secretary, Principal and other teaching staff are on the stage of Bratachari.



Inaugural Song of Bratachari by the students



Honour to the President, Secretary, Pricipal and other honourable guests.



Students during the Bratachari learning session.



Students during the Bratachari learning session.



Bratachari practice session "Surya Pranam"


একটি অন্যতম প্রধান উদ্দেশ্য। শারীর শিক্ষা শিক্ষণ মহাবিদ্যালয়গুলিতে এখন যথেষ্ট গুরুত্ব সহকারে ব্রতচারী শিক্ষা দেওয়া হয়ে থাকে এবং বিদ্যালয়গুলিতে তা গুরুত্বের সাথে অনুসৃত হয়।

১৯৪৭ সালে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ শারীর শিক্ষাকে আবশ্যিক বিষয় হিসাবে বিদ্যালয়গুলিতে নির্দ্ধারিত করেন। ব্রত শিক্ষা ব্যবস্থার গুরুত্ব উপলব্ধি করে এর কিছু অংশ শারীর শিক্ষার পাঠ্য সূচীর অন্তর্ভুক্ত করেন। এমন কি কর্মরত শিক্ষকদের জন্য স্বল্পমেয়াদী প্রশিক্ষণের দায়িত্ব দেন বাংলার ব্রতচারী সমিতিকে। সমিতি এই দায়িত্ব অত্যন্ত সুষ্ঠুভাবে পালন করেন। শারীর শিক্ষার পরিবর্তিত পাঠক্রমের রূপরেখায় ব্রতচারী বিশেষ ভাবে সূচিত হয়েছে।

অনেকেই ব্রতারী পদ্ধতি নিয়ে গবেষণা করছেন। গবেষণার মাধ্যমে প্রমাণিত হয়েছে যে ব্রতচারী অনুশীলনের ফলে শারীরিক এবং মানসিক উৎকর্ষ বৃদ্ধি পায়। তাই নির্দ্ধিধায় একথা বলা যায় ব্রতচারী পরিচেষ্টায় ছন্দের সাধনা অত্যন্ত তাৎপর্যপূর্ণ। তেমনি শারীর শিক্ষায় ব্রতচারী নৃত্য গুলি পরিপূরক ও চিরন্তন।



Asit Das trains the students.



Students practice the 'Karma Sangeet'.



Students during the practice session of 'KathiNritya'.



Students during the practice session of 'KathiNritya'.



Students during the practice session of 'Boul Sangeet'.



AmitavaGiri presents a song and other honourable persons on the stage.



A memento is given to honourableAsit Das by the president respectedKartick Chandra Acharya.



A memento is given to honourableAmitavaGiri by the secretary respected Smt. UshaMishra.



Students during the practice session of 'Made in India' song.



Students during the practice session of 'Made in India' song.



A memento is given to honourable Sanjoy Jana by the teacher respected MohitMishra.



Respected presidentKartick Chandra Acharya. delivers his eloquent speech.



Respected presidentKartick Chandra Acharya. delivers his eloquent speech.



Students listen attentively to their trainers.



Students listen attentively to their trainers.



Students, teachers and other honourable persons are in a photograph.



Students, teachers and other honourable persons are in a photograph.